০৩/৮/২০০৩

THE BANGLADESH OBSERVER

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

# বাংলাদেশের ছাত্রছাত্রীদের জন্য নিউ হরাইজন্স ইউএস ওয়ার্ক এক্সপেরিয়েন্স প্রোগ্রাম

যুক্তরাষ্ট্রভিত্তিক পৃথিবীর বৃহত্তম, স্বাধীন কম্পিউটার লার্নিং সেন্টার নিউ হরাইজন্স, বাংলাদেশ এ "নিউ হরাইজন্স ইউএস ওয়ার্ক এক্সপেরিয়েন্স প্রোগ্রাম" শুরু করতে যাচ্ছে। এই প্রোগ্রামের আওতায় কেবলমাত্র নিউ হরাইজন্স বাংলাদেশে এর বর্তমান এবং প্রাক্তন ছাত্রছাত্রীরা যুক্তরাষ্ট্রে ইন্টার্নশিপ করার সুযোগ পাবেন।

নিউ হরাইজন্স বাংলাদেশে এর বর্তমান এবং প্রাক্তন ছাত্রছাত্রী যারা বাংলাদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গ্রাজুয়েশন সম্পন্ন করেছেন, নিম্নে উল্লিখিত আন্তর্জাতিক মানসম্পন্ন আইটি সার্টিফিকেট যেমন- CSE, MCSD, CNE, CIW: (Master Designer, Master Administrator, Master Developer), ORACLE: (OCPAD, OCDBA) ইত্যাদির যে কোন এক বা একাধিক সার্টিফিকেট অর্জন করেছেন এবং যাদের ইংরেজীতে ন্যূনতম দক্ষতা রয়েছে তাদের জন্য নিউ হরাইজন্সের এই প্রোগ্রাম উন্মুক্ত থাকবে। প্রয়োজনীয় যোগ্যতায় নির্বাচিত প্রার্থীরা যুক্তরাষ্ট্রস্থ হোস্ট কোম্পানির মাধ্যমে নিকটস্থ মার্কিন দূতাবাস থেকে J-1 ভিসা পেয়ে ১২ মাস বা ১৮ মাস ইন্টার্নশিপ করার সুযোগ পাবেন। এই ইন্টার্নশিপের মধ্য দিয়ে প্রত্যেক ট্রেইনি আন্তর্জাতিক মানসম্পন্ন IT অভিজ্ঞতা অর্জন করতে পারেন।-বিজ্ঞপ্তি।